দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মোমবাতি প্রজ্বলন ও আলোচনা সভা

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বৃহস্পতিবার সন্ধ্যা ৫ টা ৪৫ মিনিটের সময় উপজেলার বঙ্গবন্ধু মোড়াল চত্বরে মোমবাতি প্রজ্বলন, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাতির শ্রেষ্ঠ সন্তানদের হত্যা করে পাকিস্তানি হানাদার বাহিনী আমাদের জাতিকে মেধা শুন্য করতে চেয়েছিলো। কিন্তু তা হায়নার দল সম্ভব করতে পারেনি। স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি স্বাধীন সোনার বাংলাদেশ গড়ে দেশ ও জাতিকে আবার পূর্ণ মেধাশক্তি জাতি হিসাবে গড়ে তুলতে শিক্ষার আলো ছড়িয়ে ছিলেন বাঙালী জাতি গঠনে। প্রতিষ্ঠা করেছিলেন স্কুল, কলেজ, মাদ্রাসা, ইউনিভার্সিটি সহ হাজার হাজার শিক্ষা প্রতিষ্ঠান। গঠন করেছিলেন ইসলামিক ফাউণ্ডেশন সহ সকল ধর্মের শিক্ষা ব্যাবস্থা।

আজকে তার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে একটি সুশিক্ষিত, ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষে একটি উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ে সারা বিশ্ব বাসীর কাছে বাংলাদেশকে রোল মডেল এ পরিণত করেছে। বাংলাদেশকে উন্নতশীল রাষ্ট্রের কাতারে নাম লিখিয়েছেন। শহীদ বুদ্ধিজীবী দিবসে দেশের শ্রেষ্ঠ সন্তানদের হারানোর বেদনাময় স্মৃতি নিয়েই প্রতিবছর উপনীত হয় ১৪ ডিসেম্বর। গভীর শ্রদ্ধায় এই দিনটিতে স্মরণ করেন জাতির সেই শ্রেষ্ঠ সন্তানদের। যারা তাদের বর্তমানকে চিরতরে উৎসর্গ করে গিয়েছেন এদেশের ভবিষ্যৎ ও মহান স্বাধীনতার জন্য।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার, ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ, সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা মুফতী মামুনুর রশীদ। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

দামুড়হুদায় বুপ্রেনরফেইন ইনজেকশন সহ আটক ১

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ কর্তৃক মাদক বিরোধী বিশেষ অভিযানে ১০০পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন উদ্ধার সহ ১ জনকে আটক করেছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে।

আটককৃত আসামি সজিব হোসেন (২৮), উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মোঃ হারুন অর রশিদের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই ইমরান হোসেন, এএসআই মোঃ মসলেম উদ্দিন, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে কার্পাসডাঙ্গা গ্রামস্থ জনৈক মালেক মিয়ার পদ্মা ব্রিকস এর সামনে কার্পাসডাঙ্গা হইতে সুবলপুরগামী পাকা রাস্তার উপর হইতে আসামী সজিব হোসেনকে ১০০ (একশত) পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন সহ হাতেনাতে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় আল ইকরা ক্যাডেট একাডেমির বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি) স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা একাডেমি স্কুল প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলার কৃত্রিম প্রজনন কেন্দ্রের উপ-পরিচালক এ.এইচ.এম শামীমুজ্জামান।

এসময় প্রফেসর ডঃ মুহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সমাজ সেবা অধিদফতরের সহকারী পরিচালক আবু তালেব, আলমডাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (একাডেমিক সুপার ভাইজার) ইমরুল হক, আলমডাঙ্গা একাডেমি স্কুলের বিদ্যোৎসাহী সদস্য লিয়াকত আলী লিপু মোল্লা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, পরিচালনা পরিষদের সহ-সভাপতি মনিরুজ্জামান, সদস্য আনোয়ারুল করিম, মাওলানা আশরাফুল আলম, মাওলানা আব্দুল কাদের, উপদেষ্টা পরিষদ সদস্য সিরাজুল ইসলাম, এ্যাডঃ রবকুল হোসেন, সাবেক সভাপতি ফকির মোহাম্মদ, সাবেক সদস্য আলী আকবর, আবুল কাশেম খাঁন, প্রধান শিক্ষক (অব) আবুল কাশেম, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম। এছাড়া একাডেমি স্কুলের শিক্ষার্থীদের উপস্থাপনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠান শেষে আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি)র আয়োজনে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সকল শিক্ষক- শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মোঃ আঃ সাহিন শাহিদ। এছাড়া অনুষ্ঠানটির সার্বিক সহযোগীতা এবং পরিচালনার জন্য সকলের নিকট ধন্যবাদ জ্ঞাপন করেন একাডেমি স্কুলের পরিচালক মুহাম্মদ আব্দুল হাই এবং অধ্যক্ষ মোঃ এনামুল হক। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে

আলমডাঙ্গায় অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন

আলমডাঙ্গায় অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ অভিযান ২৩-২৪ উদ্বোধন করা হয়েছে। উপজেলা সংগ্রহ ও মনিটারিং কমিটির আয়োজনে গতকাল বুধবার সকাল ১১টায় খাদ্য গুদাম চত্বরে এ অভিযানের উদ্বোধন করা হয়।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ধান ও চাল সংগ্রহ অভিযানের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন,উপজেলা ফুড অফিসার আব্দুল হামিদ,উপজেলা ভারপ্রাপ্ত গোডাউন কর্মকর্তা আব্দুল আলিম, মিল চাতাল মালিক সমিতির সভাপতি আশরাফুল ইসলাম, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন, সাংগঠনিক সম্পাদক জয়নাল আবেদিন ক্যাপ জয়নাল, সিরাজ এগ্রো ফুডের স্বত্বাধীকারি পক্ষের আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

উপজেলা খাদ্য অফিস সুত্র জানায় এবার ৪৪ টাকা দরে ৩৮০ মেট্রিক টন চাল ও ৩০ টাকা দরে ৬৩৬ মেট্রিক টন ধান সংগ্রহ করবে সরকার।

উপজেলা কৃষি অফিস থেকে প্রকৃত কৃষকদের তালিকা দিলে সেই তালিকা মোতাবেক কৃষকদের কাছ ধান ক্রয় করা হবে। এছাড়া তালিকা ভুক্ত মিল চাতাল মালিকদের কাছ থেকে সরকারি দরে চাল ক্রয় করা হবে।

দর্শনায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মুক্তিযোদ্ধা সন্তান কমিটি গঠন

দর্শনায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মুক্তিযোদ্ধা সন্তানদের নিয়ে মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের কমিটি গঠন করা হয়েছে।

গতকাল বিকাল চারটায় পার কৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মুক্তিযোদ্ধা সন্তানদের আয়োজনে পরিষদের হল রুমে মুক্তিযোদ্ধা সন্তান সাব্বির হোসেন তোতার সভাপতিত্বে, সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম।

এ সময় তিনি বলেন এ ধরনের সংগঠন মুক্তিযোদ্ধা পরিবারের অধিকার আদায়ের ও বিভিন্ন ধরনের সমস্যা সমাধানে ব্যাপক ভূমিকা রাখবে বলে মনে করি। এছাড়া সকল মুক্তিযোদ্ধা সন্তানরা এভাবে যদি একত্রিত হয়ে থাকে তাহলে স্বাধীনতা বিরোধী অপশক্তি দেশে কোন ধরনের অরজগতা সৃষ্টি করার সাহস পাবে না।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডর আহবায়ক কামাল উদ্দিন আহমেদ সান্টু আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার যুগ্ম আহবায়ক ইকবাল রেজা। পারকেষ্টপুর মদনা ইউনিয়নের শতাধিক মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানেরা।

এসময় মুক্তিযুদ্ধা সন্তান জিয়াউর রহমান কে আহবায়ক, হাফিজুর রহমান ও মাসুদ রানা (লিকন) কে যুগ্ন আহবায়ক এবং জাহাঙ্গীর হোসেন সদস্য, নাছিমা খাতুন সদস্য, আব্দুল হালিম কে নির্বাহী সদস্য করে ২১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

দামুড়হুদায় এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। উক্ত অনুষ্ঠানে আগত এনজিও প্রতিনিধিরা তাদের মাসিক কার্যক্রম তুলে ধরেন। জনসচেতনতা মুলক ও সেবার মান বৃদ্ধি, বাল্য বিবাহ বন্ধ, পশু পাখি পালন, গরু মোটাতাজা করন, কৃষি, সেচ, গবর সার ব্যবহার, বিষমুক্ত সবজী চাষ, শিক্ষা উপবৃত্তি, ক্ষুদ্র ঋণ বিতরনের মাধ্যমে দারিদ্র্য বিমোচণ সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতি দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, আপনারা মানবতার সেবায় বেশী বেশী কাজ করবেন, ক্ষুদ্র ঋণ বিতরণের পাশাপাশি চাষাবাদ, খামার ও পশুপালনের জন্য সমাজের মানুষকে বেশি বেশি সচেত করুন এবং তাদের সহায়তা করুন। পাশাপাশি লেখাপড়া ও চিকিৎসা সেবা প্রদান করুন। উপজেলা নির্বাহী অফিসার সকল উন্নয়ন মূলক কাজ নিজে দেখবেন এবং যে কোন এনজিওর উন্নয়ন মূলক কাজের বিষয়ে সার্বক্ষণিক খোঁজ খবর রাখবেন বলে ঘোষণা দেন।

উক্ত অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলার প্রায় অর্ধশত এনজিও-র প্রতিনিধিগন, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ভিটামিন-এ ক্যাপসুল ক্যাম্পেইনের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় শিশুদের ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইন এর উদ্বোধন করলেন পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু। গতকাল মঙ্গলবার সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

জানাগেছে, দর্শনা পৌরসভার ৯টি ওয়ার্ডে মোট ২৮টি টিকাদান কেন্দ্রে ৬মাস থেকে ১১মাস পর্যন্ত ৪,৬৯ জন শিশুর ও ১বছর থেকে ৬ বছর পর্যন্ত ৩,২৬৬ জন শিশুকে এ ক্যাপসুল খাওয়ানো হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা কেরু এন্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সাধারণ সম্পাদক পদপ্রার্থী ও ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীন নফর, পৌরসভার ১ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান খালেকুজ্জামান, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নেফাউর রহমান, পৌরসভার টিকাদান সুপারভাইজার আব্দুল মজিদ, দর্শনা রিক্সা-ভ্যান চালক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার সহ এলাকার স্থানীয় ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার বেলগাছী মাঠে তুলার মাঠ দিবস অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় পরিকল্পিত উপায় তুলা চাষ বাড়ানোর জন্য চাষীদের উদ্বুদ্ধ করার লক্ষে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় পৌর এলাকার বেলগাছী মাঠে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা আঞ্চলিক তুলা উন্নয়ন বোর্ডের আয়োজনে ও সদর ইউনিটের সহযোগীতায় এবং রাজস্ব বাজেটের অর্থায়নে তুলা চাষী মনজুর কাদিরের

সভাপতিত্বে অনুষ্ঠিত এ মাঠ দিবসে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন চুয়াডাঙ্গার প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা সন দেবাশীষ।

বিশেষ অতিথি ছিলেন সদর ইউনিট অফিসার মাজহারুল ইসলাম। মাঠ দিবসে প্রায় অর্ধ শতাধিক তুলা চাষী উপস্তিত ছিলেন।

দর্শনার মোটরসাইকেল ও বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষ নিহত ১, আহত ৩

চুয়াডাঙ্গা সদরের দোস্ত গ্রামে মোটরসাইকেল ও বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষে বাইসাইকেল চালক রহমতুল্লাহ(৬৫) ঘটনাস্থলেই নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে মোটরসাইকেল চালকসহ ৩ জন।

জানাযায় আজ মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার নবগঠিত নেহালপুর ইউনিয়নের দোস্ত গ্রামের বাজার সংলগ্ন তালতলা নামক স্থানে এ দৃর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষসুত্রে জানাযায় মোটরসাইকেল যোগে হিজলগাড়ি থেকে দর্শনার দিকে আসার পথে দোস্ত গ্রাম সংলগ্ন তালতলা নামক স্থানে পৌঁছালে বাইসাইকেলের পিছনে দ্রতগতির মোটরসাইকেল স্বজরে ধাক্কা মারলে সাইকেল চালক পিচ রাস্তার উপর সিটকে পড়ে। এতে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলে নিহত হয় কুন্দিপুর গ্রামের মৃত্য ছলিম শেখের ছেলে রহমতুল্লা(৬৫)।

এতে গুরুতর আহত হয় মোটরসাইকেল চালক দর্শনা মোহাম্মদপুর গ্রামের বারেক হাওলাদারের ছেলে ইসলাম হাওলাদার (৩৫),একই পাড়ার সুকুমার আলীর ছেলে লিটন(২৮)ও আজমপুর গ্রামের হারুন অর রশিদের ছেলে অন্তর(২৫) সাথে সাথে তাদের ৩ জনকে উদ্ধার করে দর্শনা মা ও শিশু জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের ৩ জনের মধ্যে একজনের অবস্থা আশংকাজনক হওয়ায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেছে। বাকী ২ জন প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরছেন।

এ ঘটনায় দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বিপ্লব কুমারসাহা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠায় এবং লাশ পুলিশ হেফাজতে নেওয়া হয়। পরে তার দুই সন্তান এসে বলে আমরা কোন অভিযোগ করবো না। পরে তার পরিবারের কাছে লাশ হস্তান্তর করে দিয়েছি। দূর্ঘটনা কবলিত মোটরসাইকেল ও বাইসাইকেল হিজলগাড়ি ক্যাম্প হেফাজতে আছে। এ বিষয়ে দর্শনা থানায় একটি অপমৃত্য মামলা হয়েছে।

জীবননগরে পেঁয়াজের দাম বেশি নেওয়ায় দুই ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে সরকার নির্ধারিত মূল্যের থেকে বেশি দামে পেঁয়াজ বিক্রি করায় জীবননগরে দুই ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, গত সোমবার অভিযান চালিয়ে ব্যবসায়ীদের সরকার নির্ধারিত মূল্য ১২০ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রির নির্দেশনা দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ। তারপরও ব্যবসায়ীরা বেশি দামে পেঁয়াজ বিক্রি করায় আজ মঙ্গলবার উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র জীবননগর কাঁচাবাজারে অভিযান পরিচালনা করেন।

এসময় বেশি দামে পেঁয়াজ বিক্রির অপরাধে আব্দুল কাদের এবং আব্দুল কাজী নামের দুই ব্যবসায়ীকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর একটি ধারায় ৫০০ টাকা করে ১ হাজার জরিমানা করেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র বলেন, সরকার পেঁয়াজের মূল্য ১২০ টাকা কেজি নির্ধারণ করে দিয়েছে। এর বেশি দামে কেউ পেঁয়াজ বিক্রি করতে পারবে না। আজ বেশি

দামে পেঁয়াজ বিক্রি করায় দুই ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। সরকারের নির্দেশনা বাস্তবায়নে এই অভিযান অব্যাহত থাকবে।